



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থাপন/আপিল- ৪৬৭/১২

তারিখ: ১৬ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: পঞ্চগড় জেলার সদর উপজেলাধীন জমিরন নেছা দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: হামিদুল ইসলাম এর চাকুরি থেকে চূড়ান্ত বরখাস্ত অনুমোদন প্রসঙ্গে

সূত্র: মাদ্রাসা কর্তৃপক্ষের ০৩.০৪.২০১৯ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার সদর উপজেলাধীন জমিরন নেছা দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: হামিদুল ইসলাম এর চাকুরী থেকে চূড়ান্ত বরখাস্তের বিষয়টি বিগত ০৬.০৮.২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় উপস্থাপন করা হয়। সভায় বাদী-বিবাদী উভয় পক্ষের উপস্থিতিতে মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্র ও তদন্ত প্রতিবেদন বিস্তারিত পর্যালোচনায় দেখা যায়, অভিযুক্ত সুপার মোঃ হামিদুল ইসলাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর বিধি-১১ অনুসারে শাস্তিযোগ্য অপরাধ।

জনাব মো: হামিদুল ইসলাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর বিধি-১১ অনুসারে শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটি তাঁর চাকুরী থেকে চূড়ান্ত বরখাস্ত করার বিষয়টি অনুমোদনের সিদ্ধান্ত গ্রহণ করে।

বর্ণিত অবস্থায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্তের আলোকে বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর বিধি-১২ এর ক্ষমতাবলে বিধি-১১ এর ই (চাকরি থেকে বরখাস্ত) বাস্তবায়ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র বোর্ডকে অবহিত করার জন্য মাদ্রাসার নিয়োগকারী কর্তৃপক্ষকে বলা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


০২.০৯.২০২০

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৯৬১২৮৫৮

প্রাপক: সভাপতি / সদস্যবৃন্দ- পরিচালনা কমিটি
জমিরন নেছা দাখিল মাদ্রাসা, পঞ্চগড় সদর, পঞ্চগড়

নং- বামাশিবো/সংস্থাপন/আপিল- ৪৬৭/১২

তারিখ: ১৬ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
(মহাপরিচালকের একান্ত সচিব, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা- বিষয়টি মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা;
৩. জেলা প্রশাসক, পঞ্চগড়;
৪. উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়;
৫. জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়;
৭. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
৮. ভারপ্রাপ্ত সুপার, জমিরন নেছা দাখিল মাদ্রাসা, পঞ্চগড় সদর, পঞ্চগড়
৯. মো: হামিদুল ইসলাম, চূড়ান্ত বরখাস্তকৃত সুপার, জমিরন নেছা দাখিল মাদ্রাসা, পঞ্চগড় সদর, পঞ্চগড়;
১০. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১১. পি এ টু রেজিস্ট্রার/ পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
১২. অফিস কপি।


২১/৯/২০২০

(মো: ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪